

শিক্ষকের মর্যাদা ক্ষুণ্ণ হয়, এমন কাজ করা যাবে না : শিক্ষা উপদেষ্টা

রাবি প্রতিনিধি



ছবি : কালের কঠ

শিক্ষা উপদেষ্টা অধ্যাপক চৌধুরী রফিকুল আবরার বলেছেন, 'শিক্ষকের মর্যাদা ক্ষুণ্ণ হয়, এমন কাজ

শিক্ষার্থীদের করা উচিত নয়। নিজেদের দাবিদাওয়া অবশ্যই থাকতে পারে, কিন্তু কোনোভাবেই

জনপ্রিয়তা সৃষ্টি করা যাবে না। পরিবর্তন রাতারাতি সন্তুষ্ট নয়, সময় নিতে হবে।'

রবিবার (৬ জুলাই) সকাল ১১টায় সিনেট ভবনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে
আয়োজিত আলোচনাসভায় তিনি এসব কথা বলেন।

শিক্ষার্থীদের উদ্দেশে শিক্ষা উপদেষ্টা বলেন, ‘তোমরা অবশ্যই বিশাল কিছু অর্জন করেছ। কিন্তু
তোমাদের সঙ্গে সাধারণ জনগণ ও শ্রমজীবী মানুষও এই অর্জনে ভূমিকা রেখেছে। তাদের সমর্থন ছাড়া
তোমরা এটা করতে পারতে না। তোমাদের এই সংগ্রামে সমাজের বিভিন্ন গোষ্ঠী এগিয়ে এসেছিল।

শিক্ষকের মর্যাদা ক্ষুঁন্ন হয়, এমন কোনো কাজ তোমাদের করা যাবে না। তোমাদের হতাশা থাকতে
পারে, তোমাদের কিছু দাবিদাওয়া থাকতে পারে, কিন্তু তার জন্য জননুর্ভেগী কোনো কাজ তোমরা
করো না।’

আরো পড়ুন



ঢাবির টিএসসিতে চলছে আন্তর্জাতিক মূকাভিনয় উৎসব

শিক্ষা উপদেষ্টা অধ্যাপক চৌধুরী রফিকুল আবরার বলেন, ‘আমরা গত ১৫ বছরে নিজেদের যুক্তিসংগত
বিষয়গুলোকে নিয়ে নিজেদের দাবিদাওয়া তুলে ধরতে পারিনি। তাই সবাই মনে করছে রাজনৈতিক
সরকার আসার আগেই তাদের দাবিদাওয়া পূরণ করে নিতে।

কিন্তু পরিবর্তন রাতারাতি সন্তুষ্ট নয়। আমাদের সম্পদ সীমিত। পরিবর্তনে তাই সময় প্রয়োজন। সময় নিয়ে হলেও পরিবর্তনগুলো রাজনৈতিক সরকারকেই করতে হবে।'

শিক্ষক রাজনীতির বিষয়ে তিনি বলেন, 'আমাদের শিক্ষকদের যে ভূমিকা হওয়ার কথা ছিল সেই ভূমিকা থেকে আমরা বিচ্ছুত হয়েছি।

আমাদের শিক্ষকদের যে মূল দায়িত্ব সেই দায়িত্ব আমাদের পালন করতে হবে। আমাদের অবশ্যই রাজনৈতিক বিশ্বাস থাকবে, রাজনৈতিক দলের প্রতি সমর্থন থাকবে। কিন্তু এ রাজনৈতিক দলের নেতৃত্বাচক প্রভাবগুলো আমরা আমাদের শিক্ষাপ্রতিষ্ঠানের ওপর ফেলতে পারি না। আমাদের মাথায় রাখতে হবে, এখানে আমরা মেধার বিকাশ ঘটাতে এসেছি। তাই রাজনৈতিক দলের নেতৃত্বাচক প্রভাব যেন বিশ্ববিদ্যালয়ের পরিবেশকে বিনষ্ট করতে না পারে সেদিকে শিক্ষকদের খেয়াল রাখতে হবে।'

আলোচনা সভায় উপাচার্য অধ্যাপক সালেহ হাসান নকীবের সভাপতিত্বে বক্তব্য রাখেন, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মাঝিন উদ্দিন খান, কোষাধ্যক্ষ অধ্যাপক মতিয়ার রহমান প্রমুখ।